দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 27 1999 ... ...
পৃষ্ঠা ৭ ... কলাম ৩ ......

94

ঘারমোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

# প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ** জেলার বন্দর থানার ঘারমোড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচির জন্য প্রণীত খাদ্যশস্য বিতরণে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

নাম প্রকাশে অনিচ্ছুক স্কুলের ছাত্রছাত্রীদের কয়েকজন অভিভাবক এই মর্মে অভিযোগ করেন যে, সরকারের তরফ থেকে ছাত্রছাত্রীদের জন্য প্রদত্ত চাল-গম বিতরণের সময় ছাত্রছাত্রীদের কাছ থেকে জনপ্রতি ২০ টাকা করে চাঁদা আদায় করছে স্কুল কর্তৃপক্ষ। থানার কলাগাছিয়া ইউনিয়নে অবস্থিত এই স্কুলের ছাত্রছাত্রীদের কাছ থেকে উক্ত অর্থ আদায় করার প্রতিবাদে অবিভাবকরা স্কুলের প্রধান শিক্ষকের সাথে দেখা করলে তিনি সাফ সাফ জানান, ম্যানেজিং কমিটির সভাপতির সিদ্ধান্তক্রমেই এই টাকা আদায় করা হচ্ছে। অভিভাবকরা কমিটির সভাপতির কাছে এ ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, খাদ্যশস্য আনতে গিয়ে যে পরিবহন ব্যয় হয়ে থাকে সেটা পূরণ করার জন্যই এই টাকা আদায় করা হচ্ছে। এবং সেটা করা হচ্ছে বাধ্যতামূলকভাবে। কেউ টাকা না দিলে বা দিতে অসমর্থ হলে তার খাদ্যশস্য তোলার কার্ড আটকে রাখা হচ্ছে।